সংযুক্তি-২

১৮৬

# পানি সম্পদ পরিকল্পনা সংস্থার পরিচালনা বোর্ডের ৯ম সভার কার্যবিবরণী

পানি সম্পদ পরিকল্পনা সংস্থার (ওয়ারপো) পরিচালনা বোর্ডের ৯ম সভা বিগত ১০-১১-২০০৮ তারিখে ওয়ারপো'র সভাকক্ষে অনুষ্ঠিত হয়। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের কৃষি ও পানি সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা এবং পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো)'র পরিচালনা বোর্ডের চেয়ারম্যান ড. সি এস করিম উক্ত সভায় সভাপতিত্ব করেন।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা সংযুক্তি 'ক' তে দেখানো হলো।

সভার শুরুতে পানি সম্পদ পরিকল্পনা সংস্থা (ওয়ারপো) পরিচালনা বোর্ডের চেয়ারম্যান উপস্থিত সম্মানীত সকল সদস্যকে স্বাগত জানান। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মহাপরিচালক আলোচ্যসূচী উপস্থাপন করেন।

## আলোচ্য বিষয়-১ ঃ পরিচালনা বোর্ডের ৮ম সভার কার্যবিবরণী অনুমোদন

বিগত ০১-০৭-২০০৮ তারিখে অনুষ্ঠিত ওয়ারপো পরিচালনা বোর্ডের ৮ম সভার কার্যবিবরণীর খসড়া সম্মানিত সদস্যগণের নিকট প্রেরণ করে সকল সদস্য মহোদয়ের সম্মতি নিয়ে জারী করা হয়েছে। ৮ম সভার কার্যবিবরণী সদয় অনুমোদনের জন্য উত্থাপন করা হয়।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- ৮ম সভার কার্যবিবরণী অনুমোদিত হয়।

## আলোচ্য বিষয়-২ ঃ পরিচালনা বোর্ডের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন প্রতিবেদন

মহাপরিচালক ওয়ারপো পরিচালনা বোর্ডের ৮ম সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতির একটি প্রতিবেদন সভায় উপস্থাপন করেন।

ক) NWMP হালনাগাদ ঃ এ বিষয়ে আলোচনায় ওয়ারপোর মহাপরিচালক জানান যে সম্প্রতি আবুধাবি ডায়লগ এর সূত্রে বিশ্ব ব্যাংকের একটি সফরকারী মিশনের নিকট এ বিষয়ে প্রস্তাব করায় ইতিবাচক সাড়া পাওয়া গেছে। এ পর্যায়ে পরিকল্পনা কমিশনের সদস্য মহোদয় জানান যে পূর্বাহ্নে প্রেরিত PPP টি নতুন নিয়ম অনুযায়ী PDPP ছকে পরিকল্পনা কমিশনের মাধ্যমে ERD তে প্রেরণ করতে হবে।

খ) মহাপরিচালক জানান ODP তে প্রস্তাবিত জনবল কাঠামো বর্তমানে সংস্থাপন মন্ত্রণালয়ের বিবেচনাধীন আছে। ইতোমধ্যে সংস্থাপন মন্ত্রণালয়ের চাহিদামত তথ্যাদি পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ওডিপি পূর্ণাঙ্গ বাস্তবায়নের নিমিত্তে মধ্যমেয়াদী বাজেট কাঠামোর আওতায় প্রাতিষ্ঠানিক উন্নয়নের মূল কর্মসূচীসমূহ রাজস্ব বাজেটে অর্থায়নের জন্য প্রস্তাব করা হয়েছে।

সভায় উপস্থিত সদস্যগণ বর্তমানে ওয়ারপোর কর্মকান্ড বিষয়ে জানতে চাইলে মহাপরিচালক একটি সংক্ষিপ্ত বর্ণনা প্রদান করেন। উপস্থিত সদস্যগণ ওয়ারপো'র জনবলের বিষয়ে পর্য্যালোচনার প্রয়োজনীয়তার বিষয়টি উপস্থাপন করেন।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- NWMP এর হালনাগাদ বিষয়ে আগামী দশ দিনের মধ্যে (২০/১১/০৮) নতুন PDPP ছকে পানি সম্পদ মন্ত্রণালয়ে প্রেরনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

- ওয়ারপোর প্রস্তাবিত ODP অনুযায়ী জনবলের বিষয়ে পর্য্যালোচনার জন্য পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এর নেতৃত্বে পরিকল্পনা কমিশনের একজন প্রতিনিধি এবং ওয়ারপোর একজন প্রতিনিধির সমন্বয়ে একটি সাব-কমিটি গঠন করা হবে।

আলোচ্য বিষয়-৩ ঃ **WARPO'র Clearing House Role** বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা।

ওয়ারপো'র মহাপরিচালক Clearing House Role বাস্তবায়নের অগ্রগতি সম্বন্ধে জানান যে ইতোমধ্যে ECNWRC তে উপস্থাপনের জন্য কার্যপত্র পানি সম্পদ মন্ত্রণালয়ে পাঠানো হয়েছে। পানি সম্পদ মন্ত্রণালয়ের নির্দেশে ৮টি প্রকল্পের প্রস্তাবনার উপর ছাড়পত্র সূচক মন্তব্য DPEC তে পাঠানো হয়েছে। সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার প্রকল্প ছাড়পত্র বিষয়ে পদ্ধতি ও সূচক ইত্যাদি নির্ধারণের জন্য তাদের নিকট থেকে তথ্য চাওয়া হয়েছে।

পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব জানান যে BWDB'র প্রকল্প প্রস্তাবের উপর ইতোমধ্যে ওয়ারপো'র মতামত নিয়ে DPEC তে পর্যালোচনা করা হয়েছে। এই আভ্যন্তরীন পর্যালোচনা ও অনুশীলনের অভিজ্ঞতা নিয়ে ভবিষ্যতে ECNWRC'র সভায় আলোচনার জন্য উপস্থাপন করা যাবে। তিনি একইভাবে সড়ক ও জনপথ এবং স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়কে ওয়ারপোর মতামত নেওয়ার অনুরোধ জানান। এ পর্যায়ে সড়ক ও জনপথ বিভাগের সচিব সুস্পষ্ট পদ্ধতি ও ছাড়পত্র প্রদানের সময়সীমা নির্ধারণের উপর গুরুত্ব দেন।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- Clearing House ভূমিকা বিষয়ক প্রস্তাব আলোচনার জন্য যথাশিঘ্র ECNWRC এর সভা আহবান করতে হবে।

আলোচ্য বিষয়-৪ ঃ চুক্তিভিত্তিক জনবল নিয়োগের প্রস্তাব

ODP সেট-আপের আলোকে চুক্তিভিত্তিক অতিরিক্ত ৫৯ জন জনবল নিয়োগের বিষয় মহাপরিচালক, ওয়ারপো উপস্থাপন করলে, পানি সম্পদ মন্ত্রণালয়ের সচিব বলেন, বিদ্যমান সেট-আপ অনুযায়ী ওয়ারপো'র Performance কি তা পানি সম্পদ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এর নেতৃত্বে পরিকল্পনা কমিশন ও ওয়ারপো'র প্রতিনিধি নিয়ে গঠিত সাব-কমিটি মূল্যায়ন করে বাড়তি জনবলের প্রয়োজন নিরুপন পূর্বক প্রতিবেদন পেশ করবে।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- ODP এর আলোকে প্রস্তাবিত অতিরিক্ত জনবল চাহিদা নিরুপনের জন্য "ODP জনবল পর্যালোচনার জন্য গঠিত সাব-কমিটি" প্রতিবেদন পেশ করবে ।

আলোচ্য বিষয়-৫ ঃ বিবিধ

ওয়ারপো'র অফিস বিল্ডিং ঃ

মহাপরিচালক, ওয়ারপো সভাকে জানান যে জাতীয় পানি সম্পদ তথ্য ভান্ডার, এমআইএস (MIS) ও জাতীয় পর্যায়ে পানি সম্পদ খাতের অনেক গুরুত্বপূর্ণ তথ্য/উপাত্ত বার বার ওয়ারপোর অফিস স্থানান্তরের কারণে সংরক্ষণ বিঘ্নিত হচ্ছে । তিনি সভাকে আরো জানান যে, আধুনিক সুযোগ সুবিধা সম্বলিত তথ্য-উপাত্ত ভান্ডার স্থায়ীভাবে সংরক্ষণ ও বহুমুখী সেবা প্রদানে উপযোগী একটি ভবন নির্মাণের প্রয়োজনে আনুমানিক ১.৮২ একর জমি প্রয়োজন । পানি ভবনে ওয়ারপোর জন্য বরাদ্দকৃত ১৬,০০০ বর্গফুট জায়গা প্রয়োজনের তুলনায় অপ্রতুল । এ পর্যায়ে পরিচালনা বোর্ডের সম্মানিত সদস্যগণ ওয়ারপোর নিজস্ব ভবন নির্মাণের জন্য কি পরিমাণ জায়গা প্রয়োজন সে বিষয়ে আলোচনা ও মত বিনিময় করেন । আলোচনায় মহাপরিচালক ওয়ারপো সভাকে অবহিত করেন যে বর্তমান ওয়ারপো ভবনের চুক্তির মেয়াদ ৩০/০৬/২০০৮ তারিখে শেষ হয়েছে বিধায় ভবনের আশে পাশের বাজার দর অনুযায়ী সর্বনিম্ন দরে আগামী তিন বৎসরের জন্য চুক্তি করা হয়েছে ।

গৃহীত সিদ্ধান্ত ঃ

- প্রস্তাবিত "ODP জনবল পর্যালোচনার জন্য গঠিত সাব-কমিটি" ওয়ারপোর ভবন/জায়গার প্রস্তাব পর্যালোচনা করে প্রতিবেদন পেশ করবেন ।

পরিশেষে সভাপতি সমাপনী ভাষণে ওয়ারপো'র প্রাতিষ্ঠানিক উন্নয়ন কর্মকান্ডে এই বোর্ডের সদস্যগণ সর্বাত্মক সাহায্য সহযোগিতা অব্যাহত রাখবেন বলে তিনি আশা প্রকাশ করেন । অতঃপর তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত ঘোষণা করেন ।

| | |
|---|---|
| (স্বাক্ষর) ১১/১২/০৮ | (স্বাক্ষর) ১১/১২/০৮ |
| (জালালউদ্দিন মুঃ আবদুল হাই) | (ড. সি, এস, করিম) |
| মহাপরিচালক, ওয়ারপো | উপদেষ্টা |
| ও | কৃষি ও পানি সম্পদ মন্ত্রণালয় |
| সদস্য-সচিব, পরিচালনা বোর্ড | ও |
| পানি সম্পদ পরিকল্পনা সংস্থা | চেয়ারম্যান, পরিচালনা বোর্ড |
| | পানি সম্পদ পরিকল্পনা সংস্থা |

স্মারক নং ঃ ওয়ারপো/ডব্লিউ-২২/২০০১/ ৮-২৯ তারিখ ঃ ০১-০১-২০০৯

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল ঃ

১। মাননীয় উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৩। সদস্য (কৃষি), পরিকল্পনা কমিশন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও ভাইস-চেয়ারম্যান, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৪। সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৫। সচিব, কৃষি মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৬। সচিব, যোগাযোগ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৭। সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৮। সচিব, বন ও পরিবেশ মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
৯। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ও সদস্য, ওয়ারপো পরিচালনা বোর্ড।
১০। মহাপরিচালক, ওয়ারপো ও সদস্য-সচিব, ওয়ারপো পরিচালনা বোর্ড।

১/১/০৯

এস এম ফিরোজ আলম
সচিব, ওয়ারপো